

পরীক্ষা

এইচএসসির প্রবেশপত্র বিতরণ নিয়ে নতুন ঘোষণা

প্রথম আলো ডেক্স



প্রথম আলো ফাইল ছবি

চলতি বছরে এইচএসসি পরীক্ষা আগামী ১৭ আগস্ট থেকে শুরু হবে। আগামী ৯ ও ১০ আগস্ট থেকে এইচএসসি পরীক্ষার্থীদের প্রবেশপত্র কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের কাছে বিতরণ শুরু করবে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড। এর আগে ৮ ও ৯ আগস্ট প্রবেশপত্র বিতরণের কথা ছিল।

বিষয়টি জানিয়ে সম্প্রতি একটি বিজ্ঞপ্তি প্রকাশ করেছে ঢাকা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড।

ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা চিঠিতে বলা হয়েছে, আগামী ৯ আগস্ট টাঙ্গাইল, নরসিংদী, ফরিদপুর, মাদারীপুর, শরীয়তপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ ও কিশোরগঞ্জের কেন্দ্রগুলো পরীক্ষার্থীদের প্রবেশপত্র বিতরণ করা হবে। আর ১০

আগস্ট ঢাকা মহানগর, ঢাকা জেলা, গাজীপুর, মুসিগঞ্জ, নারায়ণগঞ্জ এবং মানিকগাঁওর কেন্দ্রগুলোর পরীক্ষার্থীদের প্রবেশপত্র বিতরণ করা হবে।

চিঠিতে আরও বলা হয়েছে, ভারপ্রাপ্ত কর্মকর্তা নিজে অথবা তাঁর প্রাধিকারপ্রাপ্ত কোনো শিক্ষককে স্বাক্ষর সত্যায়িতসহ কেন্দ্রের আওতাধীন সব শিক্ষাপ্রতিষ্ঠানের প্রবেশপত্র অফিস চলাকালীন গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। কোনো অবস্থাতেই শিক্ষক ছাড়া অন্য কোনো ব্যক্তিকে প্রবেশপত্র দেওয়া হবে না।

শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানেরা প্রবেশপত্র যাচাই করে কোনো ধরনের ক্ষটি/কম/বেশি হলে সংশোধন করিয়ে নেওয়ার জন্য অবশ্যই ১০ থেকে ১৪ আগস্টের মধ্যে উপপরীক্ষা নিয়ন্ত্রকের কাছে আবেদনপত্র জমা দিয়ে সংশোধন করিয়ে নেবেন। অন্যথায় পরীক্ষায় কোনো ধরনের জটিলতার সৃষ্টি হলে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানপ্রধানই দায়ী থাকবেন।



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো